

উদ্যোগ সেন্ট জেভিয়ার্সের

এই সময়: লকডাউনে ক্যাম্পাস বন্ধের পরে হাতে গোনা যে ক'টি শিক্ষা প্রতিষ্ঠান প্রায় সঙ্গে সঙ্গে অনলাইন ক্লাস শুরু করেছিল, তাদের মধ্যে অন্যতম সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়। কী ভাবে অনলাইন ক্লাসের পরিকাঠামো তৈরি করতে হবে, কী করে সেগুলি পরিচালনা করতে হবে — এ বার এ সব সমস্যার সমাধানে এগিয়ে এল তারা। এই প্রশিক্ষণ ও সহায়তা তাঁরা বিনামূল্যে কিছু কলেজকে দিতে চাইছেন।

সেন্ট জেভিয়ার্সের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান হবে কাল, শনিবার। তার আগে একটি সাব্বাদিক সম্মেলনে এ

কথা জ্ঞানান উপাচার্য ফেলিক্স রাজ। বিশ্ববিদ্যালয়ে একটি নতুন ছাত্রী হস্টেল তৈরির কথাও জানিয়েছেন উপাচার্য। সেখানে ৩০০ আসন বিশিষ্ট একটি ছেলেদের হস্টেল রয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে ওই বিশ্ববিদ্যালয়ে সাইকোলজি নিয়ে পড়াশোনা করা যাবে। পাশাপাশি খেলা হচ্ছে স্কুল অফ ফিলোজফি অ্যান্ড রিলিজিয়ন খেলা হচ্ছে। যেখানে ধর্মীয় বিশ্বাস ও দর্শন নিয়ে পড়াশোনা, গবেষণা করা যাবে। ৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের পঞ্চম প্রতিষ্ঠা দিবস পালিত হবে। করোনা-বিধি মেনে সমাবর্তন অনুষ্ঠান অনলাইনের পাশাপাশি অফলাইনও হবে।